[redacted]

[redacted]

সম্পাদকের গ্রুপের সদস্য বলে অভিযোগ উঠেছে।

তবে জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক আল-ইমরান জানিয়েছেন, যে গ্রুপই হামলা করুক এটা অন্যায় ও অমানবিক হয়েছে। তিনি এ ঘটনার নিন্দা জানিয়ে বলেন, সরকারি ভেটেরিনারি কলেজের ভিপি ও জিএস তার সঙ্গেই রাজনীতি করেন, তারা অন্য গ্রুপ করেন না। তিনি বলেন কারা হামলা চালিয়েছে তা নিশ্চত করে বলা যাচ্ছে না।

ঝিনাইদহ সদর থানর ওসি শেখ মোহাম্মদ সোহেল রানা জানান, ছাত্রলীগের এক গ্রুপের ধাওয়া ও হামলায় প্রথমে সজিব আহত হন। তার হাতে কোপের দাগ আছে। তাকে রক্তাক্ত অবস্থায় পুলিশ উদ্ধার করে হাসপাতালে নিয়ে আসে। এরপর সড়ক দুর্ঘটনায় নিহত তিনজনকেও একই ভাবে ধাওয়া করে। হামলা থেকে বাঁচতে গিয়ে তারা সড়ক দুর্ঘটনায় নিহত হন।

ঝিনাইদহ সদর হাসপাতালের জরুরী বিভাগের চিকিৎসক ডাঃ তৌফিক হাসান জানান, নিহত তিনজনের মাথায় গুরুতর জখম রয়েছে। এছাড়া হামলায় আহত সজিবের অবস্থা ভালো আছে। তার বাম হাতে ধারালো অস্ত্রের কোপ রয়েছে।

গাংনীতে সড়ক দুর্ঘটনায় কলেজ ছাত্র নিহত

গাংনী উপজেলার বামন্দী—কাজিপুর সড়কের হাড়াভাঙ্গা সেন্টার বাজার নামক স্থানে বৈদ্যত্যিক খুটির সাথে ধাক্কা লেগে নয়ন (১৭) নামের এক কলেজ ছাত্র নিহত ও অপরজন আহত হয়েছেন।

নিহত নয়ন গাংনী উপজেলার মহাম্মদপুর গ্রামের পশ্চিমপাড়া এলাকার ইমাদুল ইসলামের ছেলে ও গাংনী পাইলট স্কুল এন্ড কলেজের একাদশ শ্রেনীর ছাত্র।

আজ সোমবার (৩ অক্টোবর) দিবাগত রাত সাড়ে ৮ টার দিকে মোটরসাইকেল যোগে তার মামা রহিদুল ইসলামের বাড়িতে আসছিলেন। মোটরসাইকেল দ্রুতগতিতে এসে হাড়াভাঙ্গা সেন্টার বাজারের উপর এসে

মোটরাসাইকেল নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার একটি বৈদ্যত্যিক খুটির সাথে ধাক্কা খেয়ে রাস্তার উপর পড়ে যান।

এসময় মারাত্বক আাহত অবস্থায় তাকে উদ্ধার করে বামন্দীর একটি বেসরকারী ক্লিনিকে নিলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃতু ঘোষণা করেন। এসময় আহত হন তারা মামাত ভাই পারভেজ হোসেন (১৮)।তাকে উদ্ধার করে একটি ক্লিনিকে ভর্তি করা হয়েছে। বর্তমানে সে সুস্থ আছে।

স্থানীয়রা জানান, নিহত নয়ন ও তার মামাত ভাই পারভেজে একই মোটরসাইকেলে ফিরছিলেন। মোটরসাইকেল দ্রুত গতিতে চালাতে িগেয়ে রাস্তার উপর বৈদ্যত্যিক খুটির সাথে ধাক্কা খেয়ে নিয়ন্ত্রণ হারিয়ে ফেলে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এ ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন পুলিশের একটি টিম ঘটনাস্থলে পৌছেছে।

সৌদিতে সড়ক দুর্ঘটনায় গাংনীর ভবানীপুরের আলম হোসেন নিহত

সৌদি আরবের সড়ক দুর্ঘটনায় নিহত হলেন গাংনী উপজেলার ভবানীপুর গ্রামের আলম হোসেন (৩৫)।

আলম হোসেন ভাবনীপুর গ্রামের স্কুল পাড়া এলাকার ইদু মিয়ার ছেলে।

আজ সোমবার (৩ অক্টোবর) বাংলাদেশ সময় দুপুরের দিকে সৌদি আরবের রিয়াদ শহরের আজিজিয়া সড়কে প্রাইভেট কারের ধাক্কায় নিহত হন তিনি।

পারিবারিক সূত্রের বরাত দিয়ে স্থানীয় ভবানীপুর ওয়ার্ড মেম্বর রেজাউল হক জানান, আলম হোসেন মোটরাসাইকেল যোগে রিয়াদ শহরের একটি হোটেলে খাবার আনতে যাচ্ছিলেন। এসময় পেছন থেকে একটি প্রাইভেট কার ধাক্কা দিলে ঘটনাস্থলেই মারা যান এই রেমিটেন্স যোদ্ধা।

২ সন্তানের জনক আলম হোসেন পরিবারের স্বচ্ছলতা ফেরাতে প্রায় ১৮ বছর আগে সৌদি আরবে যান। তার এক মাত্র ছেলে সৌদি আরবে রয়েছেন। এছাড়া মেয়ের বিয়ে হয়েছে।

পারিবারিকভাবে জানান, সৌদি আরবের আইনগত প্রক্রিয়া শেষে তাকে দেশে আনার প্রক্রিয়া শুরু হবে।

বারাদীতে খড়ি কুড়াতে গিয়ে প্রাণ হারালেন রশিদা

বাড়ির পাশে ফার্নিচারের কারখানাতে খড়ি কুড়াতে গিয়ে বিদ্যুৎস্পৃট হয়ে নিথর হলেন রশিদা খাতুন (৫৫)।
নিহত রশিদা খাতুন মেহেরপুর সদর উপজেলার মোমিনপুর গ্রামের জামে মসজিদের মোয়াজ্জিন আলী মোহাম্মদ এর স্ত্রী।
আজ বৃহস্পতিবার (২৯ সেপ্টেম্বর) ভোর সাড়ে ৫ টার দিকে মারা যান তিনি।
স্থানীয়রা জানান, ওই নারী ভোররাতের দিকে বাড়ির পাশে মামুনের ফার্নিচারের কারখানার ভিতরে খড়ি কুড়াতে যান। কাঠের ডিজাইন কাটা মেসিনের পাশের খড়ি নিতে গিয়ে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে ঘটনাস্থলেই মারা যান।
ভোরবেলায় মুসুল্লিরা নামাজ পড়ে আসার পথে রশিদা খাতুন এর মরদেহটি দেখতে পান। পরিবারের লোকজন মরদেহটি উদ্ধার কর হয়।
মেহেরপুর সদর থানার ওসি রফিকুল ইসলাম এ তথ্য নিশ্চিত করেন।

মেহেরপুরে দুটি মোটরসাইকেল মুখামুখি সংঘর্ষে ৪ জন আহত

মেহেরপুর জেলার কালিগাংনী মাঠের মধ্যে দুটি মোটরসাইকেল সাথে মুখামুখি সংর্ঘষে তিন জন মারাত্মক আহত হয়েছেন।

আহতরা হলেন মেহেরপুর সদর উপজেলার কুতুবপুর ইউনিয়নের জমসেদের ছেলে আশকারুল ইসলাম(৩৫), একই গ্রামের আশরাফুল ইসলামের ছেলে তোহিরুল ইসলাম(৩০) ও কালিগাংনী গ্রামের মন্টু মিয়ার ছেলে এমদাদুল হক ওরফে হৃদয় (২৫)।

সোমবার (২৬ সেপ্টেম্বর) সকাল পৌণে ১০ টার সময় গাংনী-কাথুলি সড়কের কালিগাংনীর মাঠের মধ্যে এ সংঘর্ষের ঘটনা ঘটে।

এদের মধ্যে আশকারুল ইসলাম ও তোহিরুল ইসলামকে উদ্ধার করে গাংনী উপজেলা হাসপাতালে ভর্তি করেন। পরে তাদের দুজনের অবস্থা খারাপ হলে কর্তব্যরত চিকিৎসক কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন।

এছাড়া এমদাদুল হক হৃদয়কে উদ্ধার করে মেহেরপুর ২৫০ বিশিষ্ট জেনারেল হাসপাতালে ভর্তি করনে। পরে তার অবস্থাও অবনতি হলে তাকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়েছে।
সোমবার সকালের মেহেরপুর-কুষ্টিয়া আঞ্চলিক সড়কের গাংনী উপজেলায় পুড়াপাড়া নামক স্থানে বাসের সাথে ধাক্কায় ইনজামুল হক (২১) নামের এক মোটরসাইকেল আরোহী আহত হয়েছেন।
আহত ইনজামুল হক (২১) মেহেরপুর সদর উপজেলার খোকসা গ্রামের আসাদুজ্জামানের ছেলে।ইনজামামুল হককে স্থানীয়রা উদ্ধার করে গাংনী উপজেলা হাসপাতালে ভর্তি করেন। সে প্রাথমিক চিকিৎসা নিয়ে বাড়ি ফিরেছেন।

মেহেরপুর শহরে মোটরসাইকেলের ধাক্কায় আহত একজন

মেহেরপুর শহরের কাথুলি মোড় এলাকা সড়ক দূর্ঘটনায় খলিলুর রহমান
(৫৬) নামের এক কৃষক আহত হয়েছেন।
আহত খলিলুর রহমান শহরের শাহজি পাড়া লাকার মৃত ময়েজ উদ্দীনের ছেলে।

গতকাল রবিবার (১৮ সেপ্টেম্বর) সকাল সাড়ে ৮ টার দিকে মেহেরপুর

শহরের কাথুলি মোড়ে খলিলুর রহমান বাইসাইকেলে চড়ে মাঠে যাচ্ছিলেন। এসময় বিপরীত দিক থেকে আসা একটি মোটরসাইকেলের সাধে ধাক্কা লেগে রাস্তার উপর ছিটকে পড়ে। এতে খলিলুর রহমানের ডান চোখের কোনে, মুখমণ্ডল ও শরীরের বিভিন্ন স্থানে হ্মত হয়েছে।

স্থানীয়রা তাকে উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে ভর্তি করেন।

হাসপাতাল সূত্রে জানা গেছে, আহতের বিভিন্ন স্থানে কেটে, ছিঁড়ে গেছে। তাকে হাসপাতালে ভর্তি রেখে চিকিৎসা দেয়া হচ্ছে। এখন আশংকামুক্ত।

আহত খলিল বলেন, আমি বাইসাইকেল চড়ে মাঠে যাচ্ছিলাম। সামনের দিক থেকে আসা একটি দ্রুতগতির মোটরসাইকেল এসে আমাকে ধাক্কা মেরে ফেলে রেখে চলে যায়।

গাংনীতে মোটরসাইকেলের ধাক্কায় গৃহবধু নিহত

মেহেরপুরের গাংনীতে রাস্তা পারাপারের সময় দ্রুতগামী মোটর সাইকেলের ধাক্কায় রাস্তার উপর ছিটকে পড়ে গৃহবধু খাইরুন (৪০) নিহত হয়েছেন। একই সময় আহত হয়েছেন মোটরসাইকেল আরোহী আসিফ(২১)।

আজ বৃহস্পতিবার সকাল ৯টার দিকে মেহেরপুরের গাংনীর ভাটপাড়া গ্রামের রাস্তায় এ দুর্ঘটনা ঘটে। গৃহবধু খাইরুন উপজেলার ভাটপাড়া গ্রামের আব্দুর রাজ্জাকের স্ত্রী।

স্থানীয়রা জানান, ওই গৃহবধু বাড়ি থেকে বের হয়ে রাস্তা পার হচ্ছিলেন। এসময় মোটরসাইকেল চালক আসিফ দ্রুতবেগে গাংনীতে আসার সময় সজোরে ধাক্কা দেয়। দুজনই রাস্তার উপর ছিটকে পড়ে। স্থানীয়রা দুজনকে চিকিৎসার জন্য গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হলে কর্তব্যরত চিকিৎসক খাইরুনকে মৃত ঘোষণা করেন।

এদিকে, মোটরসাইকেল চালক আসিফের অবস্থা আশংকাজনক হওয়ায় তাকে

কুষ্টিয়া মেডিক্যাল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। নিহতের পরিবারের অভিযোগ পাওয়া গেলে পরবর্তী আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।

গাংনীতে ওষুধ কিনতে গিয়ে লাশ হলেন বৃদ্ধা ফুলজান

ওষুধ কিনতে গিয়ে মাইক্রোবাস চাপায় নিহত হলেন ফুলজান খাতুন(৮০) নামের এক বৃদ্ধা। নিহত ফুলজান খাতুন গাংনী উপজেলার বালিয়াঘাট গ্রামের পশ্চিমপাড়া এলাকার মৃতু রহমতুল্লাহ স্ত্রী।

আজ মঙ্গলবার (২৬ জুলাই) দুপুরের দিকে বামন্দী-কাজিপুর সড়কের বালিঘাট গ্রামের সামাদ হাজী বাড়ির সামনে এ সড়ক দুর্ঘটনাটি ঘটে।

স্থানীয়রা জানান, বৃদ্ধা ফুলজান খাতুন ওষুধ কেনার জন্য বালিয়াঘাট মোড়ের একটি ওষুধের দোকানে যাচ্ছিলেন। রাস্তা পার হওয়ার সময় একটি দ্রুতগামী মাইক্রোবাস তাকে ধাক্কা দিয়ে পালিয়ে যায়। রাস্তার উপর ছিটকে পড়ে ঘটনাস্থলেই মারা যান তিনি।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন। তিনি বলেন, এঘটনায় কোনো লিখিত অভিযোগ পাওয়া যায়নি। তারপরেও খোঁজ খবর নেয়া হচ্ছে।

গাংনীতে পিকআপের ধাক্কায় তামাক

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

আজ সোমবার সকাল সাড়ে ১০টার দিকে এ দুর্ঘটনা ঘটে।

স্থানীয়রা জানান, মানিকনগর গ্রামের হেকমত ও মাজেদুল এক্সকাভেটর দিয়ে সরকারি জমির মাটি কাটছিলো। ওই মাটি ট্রাক্টর দিয়ে বিভিন্ন স্থানে নেওয়া হচেছ। ঘটনার সময় সামিউল তার ভাগ্নে সাহাজাহানকে নিয়ে বিশ্বনাথপুরের দিকে যাচ্ছিলো। এসময় ট্রাক্টরে সাথে ধাক্কা লেগে দুজনই মাটিতে ছিটকে পড়ে। আহত দুজনকে উদ্ধার করে মুজিবনগর উপজেলা হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক সামিউলকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করে।

মুজিবনগর থানার ওসি মেহেদী রাসেল জানান, এ ঘটনায় মাটি কাটার কাজ বন্ধ করা হয়েছে। ট্রাক্টরটি জব্দ করার চেষ্টা চলছে।